

কিশতিবন্দীতে (Hire Purchase) কেনা জিনিসগুলির দেনা শোধ করা সম্বন্ধে কি করা

কিস্তিবন্দীতে জিনিস কেনা/শর্তাধীন চুক্তির দ্বারা জিনিস কেনার মানে কি?

যদিও প্রায়ই লোকে কিশতিবন্দীতে জিনিস কেনা সম্বন্ধে আলোচনা করে থাকে, কিন্তু আজকাল কিশতিবন্দীতে জিনিস কেনার ব্যবস্থা প্রায় নেই বললেই চলে। কেবলমাত্র গাড়ীগুলিই কিশতিবন্দীতে (Hire Purchase) বা শর্তাধীন চুক্তির দ্বারা (Conditional Sale Agreements) বিক্রি করা হয়। আপনি যতদিন পর্যন্ত না পুরা ধার শোধ করে দিতে পারেন, ততদিন কিস্তিবন্দীতে এবং শর্তাধীন চুক্তির দ্বারা জিনিস কেনা জিনিসগুলি আপনার নিজেই হয় না। তার মানে হল, এই চুক্তিগুলি সাধারণ ধারে জিনিস কেনার চুক্তি থেকে আলাদা।

সাধারণ ধারে চুক্তি কেনার জিনিস, ধার নেওয়ার সময় থেকেই আপনার নিজস্ব। দেনাদার সেই জিনিসগুলি ফেরত নিতে পারে না। চুক্তি অনুসারে আপনি তাদের কাছ থেকে যে টাকা ধার করেছেন তারা কেবল সেই টাকা ফেরত দেওয়ার জন্য বলতে পারে।

তার মানে হল এই যে আপনি দেনাদারের লিখিত অনুমতি ছাড়া জিনিসগুলি বিক্রি করতে পারবেন না। আপনি যদি লিখিত অনুমতি ছাড়া জিনিসগুলি বিক্রি করেন তাহলে সেটা হবে অপরাধমূলক কাজ।

আপনি কি ধরনের চুক্তিতে জিনিস কিনাছেন সে সম্বন্ধে যদি নিশ্চিত না হন তাহলে চুক্তিটা পরীক্ষা করে দেখুন।

আমি যদি টাকা দিতে না পারি তাহলে কি হবে?

যদি কিস্তিবন্দীতে এবং শর্তাধীন চুক্তির দ্বারা জিনিস কেনা জিনিসগুলির টাকা সময়মত না দিতে পারেন, তাহলে দেনাদার হয়ত জিনিসগুলি ফেরত নিয়ে নিতে পারে। আপনার চুক্তিতে কি লেখা আছে সেটা দেখুন। একটা বাক্সের (box) ভিতর লেখা আছে যে আদালতের আদেশ ছাড়া দেনাদার জিনিস ফিরিয়ে নেবার আগে আপনাকে কত টাকা দিতে হবে। এই পরিমাণ সম্পূর্ণ ধারের চুক্তির এক তৃতীয়াংশ হওয়া উচিত।

আপনি যদি ধারের চুক্তির এক তৃতীয়াংশের বেশী ধার শোধ করে দেন তাহলে দেনাদারকে জিনিসগুলি ফিরিয়ে নেবার জন্য অবশ্যই আদালতে গিয়ে আবেদন করতে হবে। তারা জিনিসগুলি এমনিতে ফেরত নিতে পারবে না। এমন কি আপনি যদি এক তৃতীয়াংশ

বেশী ধার শোধ না করে থাকেন, দেনাদারের তবুও “যেখানে (any premises)” জিনিসগুলি আছে, সেখান থেকে সেগুলি ফিরিয়ে নেওয়ার জন্য আদালতের আদেশের প্রয়োজন হবে।

এটা দেখা যাচ্ছে যে, যেখানে (any premises) অন্তর্ভুক্ত হল আপনার গ্যারেজ অথবা বাড়ীর সীমানার ভিতরে যেখানে গাড়ী রাখা হয় (drive)। কিন্তু কার পার্ক অথবা রাস্তার ধার থেকে নয়। আপনার গাড়ী যদি রাস্তায় অথবা জনসাধানের বর পার্কে রাখা থাকে তাহলে সেটা নিয়ে নেওয়ার ঝুঁকি থাকবে।

জিনিসগুলি ফিরিয়ে নেবার আগে দেনাদারকে যদি কোর্টে যেতে হয়, তাহলে তার পদ্ধতি কি?

আদালত এতে রাজী হওয়ার ক্ষমতা আছে যে, যতক্ষন পর্যন্ত আপনি টাকা শোধ করার জন্য সঙ্গতমূলকভাবে কিসতি (reasonable installment) দিয়ে যাবেন, ততক্ষন পর্যন্ত আপনার জিনিসগুলি রাখতে পারবেন।

আপনি যদি ধারের চুক্তি অনুসারে, সম্পূর্ণ ধারের, এক তৃতীয়াংশের বেশী ফেরত দিয়ে থাকেন, তাহলে দেনাদার আদালতকে আপনার জিনিসগুলি ফেরত দেবার জন্য একটা দাবীর ফর্ম পাঠাবার অনুরোধ করবে। এটাকে বলা হয় “ফেরত দেবার আদেশের (Return Order)” আবেদন। এর সঙ্গে থাকবে আঞ্চলিক বিচারকের সঙ্গে মামলার তারিখ। শুনানী আপনার এলাকার জেলা আদালতে হওয়া উচিত।

এই দাবীর সঙ্গে একটা ফর্ম থাকবে যেটা আপনাকে পূরণ করে ১৪ দিনের মধ্যে আদালতে ফেরত পাঠাতে হবে। আপনি যদি চান যে আদালত এই জিনিসগুলি ফিরিয়ে দেবার আদেশকে স্থগিত রাখে এবং আপনাকে জিনিসগুলি বাড়ীতে রাখবার অনুমতি প্রদান করে, তাহলে আপনাকে অবশ্যই এই ফর্ম পূরণ করে ফেরত পাঠাতে হবে। আপনাকে প্রস্তাব করতে হবে যে মাসিক কিসতি আপনি কত টাকা করে দিতে পারবেন। এটা উল্লেখযোগ্য যে এই ধারকে আপনার অন্যান্য ধারের থেকে অগ্রাধিকার দিতে হবে এবং আপনার পক্ষে যতটা বেশী দেওয়া সম্ভব সেই পরিমান অর্থ ফেরত দেওয়ার প্রস্তাব করবেন।

ফর্মটা আদালতের কাছে ফেরত পাঠাবেন, দেনাদারের কাছে নয়। আদালত আপনার দেনাদারকে এই ফর্মের একটা কপি পাঠাবে। দেনাদার যদি এই প্রস্তাব মেনে নেয় তাহলে মামলা বাতিল হয়ে যাবে। কিন্তু দেনাদার যদি এই প্রস্তাবে রাজী না হয় তাহলে মামলা আদালতে উঠবে।

আপনি মামলার দিন অবশ্যই আদালতে যাবেন। আদালত শুনানীর পর ঠিক করবে, যে জিনিসগুলি ফেরত দিতে হবে অথবা মাসিক কিসতিতে ধার ফেরত দেতে হবে। আপনি যদি এই স্বীকারোক্তির ফর্ম পূরণ নাও করে থাকেন তাহলেও মামলা হবে। আপনি যদি আদালতে না যান, তাহলে আদালত সম্ভবত দেনাদারকে এই অধিকার দেবে, যে তারা আপনাকে জিনিসগুলি ফেরত দিতে বলতে পারে।

আমি যদি এক তৃতীয়াংশের কম ধার শোধ করে থাকি এবং দেনাদার জিনিসগুলি ফেরত চায় তাহলে কি হবে?

আপনি যদি জিনিষগুলি রাখতে চান এবং দেনাদারদের সঙ্গে দেনা শোধ করার একটা বন্দোবস্ত করতে চান তাহলে সেটা আপনার পক্ষে করা সম্ভব, যদি আপনার মাসে মাসে যতটা করে টাকা দেওয়ার কথা সেই পরিমাণ দিতে পারেন এবং তার উপরেও বকেয়া দেনার জন্য কিছু বাড়তি টাকা দেওয়া আপনার পক্ষে সম্ভব হয়। আপনি যদি মাসে মাসে যতটা করে টাকা দেওয়ার কথা সেটা না দিতে পারেন তাহলে দেনাদার সাধারণত অল্পদিনের জন্য দেনার পরিমাণ একটু কমাতে রাজী হতে পারে। কোন কোন বিশেষ ক্ষেত্রে আপনি হয়ত আদালতের কাছে মাসিক দেনার পরিমাণ কমাতে এবং চুক্তির সময় বাড়াবার জন্য অনুরোধ করতে পারেন। এটাকে বলা হয় “সময়ের আদেশ (Time Order)”।

আদালত সাধারণত আপনার মাসিক দেনার পরিমাণ কমানোর জন্য সময়ের আদেশের (Time Order) বিবেচনা করবে অল্পদিন বা অস্থায়ী সময়ের জন্য। আপনার যদি আয়ের পরিমাণ কমে যায় এবং এর ফলে আপনি কেবলমাত্র যথিকইঞ্চিত পরিমাণ ছাড়া দেনাদারকে এর বেশী ফেরত দিতে পারবেন না। আপনি যদি এই অবস্থায় পড়েন, তাহলে এটা বিবেচনা করে দেখতে হবে যে বাস্তবিকভাবে আপনার পক্ষে এই জিনিষগুলি রাখা সম্ভব কি না। এই অবস্থায় কি ভাবে দেনাদারের চুক্তি শেষ করলে আপনার পক্ষে ভাল হবে সে কথা চিন্তা করতে হবে।

যদি চুক্তি শেষ হয়ে যায় তাহলে আমাকে কত পরিমাণ অর্থ শোধ দিতে হবে?

আপনাকে যদি এটা ঠিক করতে হয় যে কিশতিবন্দী (Hire Purchase) অথবা শর্তাধীন চুক্তি (Conditional Sale Agreements) শেষ করে দেবেন, তাহলে সেটা দুইভাবে করা যায়।

- জিনিষ ফেরত দেওয়া

অথবা

- দেনাদারকে আপনার চুক্তি শেষ করতে এবং জিনিষগুলি দখল করতে দিন।

কি ভাবে এই চুক্তি শেষ হয় তার উপর নির্ভর করে আপনাকে কত পরিমাণ ধার ফেরত দিতে হবে।

আপনি চুক্তি শেষ করলেন

আপনি যদি নিজের থেকে ঠিক করেন যে চুক্তি শেষ করে দেবেন এবং দেনাদারকে জিনিষগুলি ফেরত দিয়ে দেবেন, তাহলে আপনার আদি বা মূল চুক্তির সম্পূর্ণ পরিমাণের কেবলমাত্র অর্ধেক পরমাণ ফেরত দিতে হবে। আপনি এর মধ্যে যে পরিমাণ দেনা শোধ করে দিয়েছেন সেই পরিমাণ বাদ দেওয়া হবে, কিন্তু যদি কোন কিশতির পরিমাণ বাকী পড়েছে এবং জিনিষগুলির ক্ষতি হয়েছে (কোন বিশেষ বিশেষ ক্ষেত্রে), সেই পরিমাণ যোগ করা হবে।

যদি দেনাদার চুক্তি শেষ করে

আপনি যে চুক্তিতে রাজী হয়েছিলেন তার থেকে যদি পিছিয়ে পড়েন তাহলে দেনাদার লিখিতভাবে চুক্তি শেষ করে দেবে। ১৯৭৪ সালের 'কনজিউমার ক্রেডিট আইন' অনুসারে তাদের আপনাকে একটা পরওয়ানার বিজ্ঞপ্তি (Default Notice) পাঠাতে হবে। তারপর তারা আপনাকে জিনিষগুলি ফেরত দিতে আদেশ করবে। আপনাকে হয়ত মূল চুক্তি অনুসারে যে পরিমাণ ধার করেছিলেন সেই ধার সম্পূর্ণ ফেরত দিতে হবে। তবে আপনি যতটা টাকা ফেরত দিয়েছেন এবং জিনিষগুলি বিক্রি করে দেনাদার যে টাকা ফেরত পাবে সেই পরিমাণ তার থেকে বাদ যাবে।

গাড়ী ফেরত দেওয়ার পর কি হয়?

গাড়ি দেনাদারের কাছে ফেরত যাবার পর তাদের যে টাকা এখনও পাওনা বাকি আছে, দেনাদার সেই টাকা ফেরত পাওয়ার চেষ্টা করতে পারে। আপনি এই ধারকে সাধারণ ধার হিসাবে বিবেচনা করতে পারেন এবং আপনার নিজস্ব খরচের হিসাব করে সেই দেনা শোধের প্রস্তাব দিতে পারেন। দেনাদার যদি আপনার প্রস্তাব স্বীকার না করে তাহলে তারা বাকী পরিমাণের জন্য জেলা আদালতে আপনার বিরুদ্ধে মামলা আনতে পারে। কত দেনা বাকী আছে সে সম্বন্ধে আপনি যদি দেনাদারের সঙ্গে একমত না হন তাহলে এটা উল্লেখ যোগ্য যে আপনি তাদের চিঠি লিখে জানান। এটা সম্ভব যে তারা দাবী করতে পারে যে আপনি জিনিষটা/গাড়ীটা নষ্ট করেছেন এবং সেই কারণে তারা এই পরিমাণ ফেরত চাইছে। জেলা আদালত যখন দাবী পত্র পাঠাবে তখন আপনাকে হয়ত আপনার পক্ষ সমর্থনের (decence) ব্যবস্থা করতে হবে।

আপনি যদি আপনার পক্ষ সমর্থনের ব্যবস্থা করেন তাহলে জেলা আদালতে শুনানী হবে এবং সেখানে, আপনার এখনও কত দেনা বাকী আছে, আঞ্চলিক বিচারক সেটা ঠিক করবেন। বিচারক এটা বলতে পারেন যে আসল দেনার পরিমাণ দেনাদারদের কথিত পরিমাণ থেকে কম। এর পর আপনি জেলা আদালতের রায় পাবেন এবং সেটা আপনি আপনার সামর্থ অনুযায়ী কিস্তিবন্দিতে দিতে পারবেন।

দেনাদাররা এটাও করতে পারে যে আপনার কত টাকা দেনা আছে সেটা অন্য ধরনের হিসাব করে ঠিক করতে পারে। এই হিসাব নীচে দেখানো হল। আপনি যদি তাদের সঙ্গে একমত না হন তাহলে উপদেশের জন্য আমাদের কাছে ফোন করুন।

ফেয়ার ট্রেডিংয়ের অফিস এই পদ্ধতিতে ধারের পরিমাণ ঠিক করা সম্বন্ধে একমত কিন্তু দেনাদাররা হামেশাই এ সম্বন্ধে একমত হয় না।

আপনার যদি কিস্তিবন্দি (Hire Purchase) বা শর্তাধীন চুক্তি (Conditional Sale Agreements) থেকে থাকে এবং সে বিষয়ে কি করবেন জানেন না, তাহলে উপদেশের জন্য আমাদের ফোন করুন। আপনি যখন ফোন করবেন তখন আপনার ধারের চুক্তি আপনার সঙ্গে রাখবেন।

চুক্তির নমুনা

আপনার দেনার পরিমাণ কত সেটা কি ভাবে তফাৎ হতে পারে:

| | |
|---|--------|
| কিশতিবন্দীর চুক্তির (Hire Purchase) সময় সম্পূর্ণ দাম ছিল | £৪,০০০ |
| আপনি দেনা শোধ করে দিয়েছেন | £১.৬০০ |
| বকেয়া দেনা (কিশতিবন্দি যেগুলি দেওয়া হয় নি) | £২০০ |
| জিনিষগুলির ক্ষতির পরিমাণ | £২৫০ |
| জিনিষগুলির মূল্য অথবা বিক্রি করে পাওয়া গেছে | £৯০০ |
| বাছাই করার মূল্য | £৫ |

আপনি যদি চুক্তি শেষ করেন

| | |
|--|----------------------|
| কিশতিবন্দীর চুক্তির (Hire Purchase) অর্ধেক দাম | £২০০০ |
| আপনি দেনা শোধ করে দিয়েছেন | বাদ দেওয়া হল £১.৬০০ |
| সমান | £৪০০ |
| জিনিষগুলির ক্ষতির পরিমাণ | যোগ দেওয়া হল £২৫০ |
| এখনও আপনার ধার আছে | £৬৫০ |

দেনাদার চুক্তি শেষ করলে

| | |
|---|----------------------|
| কিশতিবন্দীর চুক্তির (Hire Purchase) সময় সম্পূর্ণ দাম | £৪,০০০ |
| আপনি দেনা শোধ করে দিয়েছেন | বাদ দেওয়া হল £১.৬০০ |
| বিক্রি করে পাওয়া গেছে | বাদ দেওয়া হল £৯০০ |
| বাছাই করার মূল্য | বাদ দেওয়া হল £৫ |
| এখনও আপনার ধার আছে | £১,৪৯৫ |

Remember: You can always phone us for advice about any difficulty you are having in dealing with your debts

0808 808 4000

কপিরাইট: ন্যাশনাল ডেটলাইন ১৯৯৪ (২০০১ সালের জুন মাসে সংশোধিত)

www.multikulti.org.uk

যদিও এই লিফলেটের তথ্যগুলি সঠিক এবং আধুনিক (up to date) করবার যথাসাধ্য চেষ্টা করা হয়েছে , ন্যাশনাল ডেট লাইন, এই তথ্য পত্র প্রচারের পর থেকে, আইনের অদল বদলের এবং কেসের দ্বারা আইনের উপর প্রভাব বিস্তারের জন্য দায়ী নয় ।